

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

بَابُ صِفَةِ الصَّلُوةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ يُكَبِّرُ حِينَ يَرْكَعُ ثُمَّ يَقُولُ: «سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ» حِينَ يَرْفَعُ صُلْبَهُ مِنَ الرَّكْعَةِ ثُمَّ يَقُولُ وَهُوَ قَائِمٌ: «رَبَّنَا لَكَ الْحَمْدُ» ثُمَّ يُكَبِّرُ حِينَ يَهْوِي ثُمَّ يُكَبِّرُ حِينَ يَهُوي ثُمَّ يُكبِّرُ حِينَ يسْجد ثمَّ يكبر حِين يرفع رَأسه يَفْعَلُ ذَلِكَ فِي الصَّلَاةِ كُلِّهَا حَتَّى يَقْضِيَهَا وَيُكبِّرُ حِينَ يَقُومُ مِنَ التِّنْتَيْنِ بَعْدَ الْجُلُوسِ

বাংলা

৭৯৯-[১০] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার সময় দাঁড়িয়ে তাকবীরে তাহরীমা বলতেন। আবার রুকৃ'তে যাবার সময় তাকবীর বলতেন। রুকৃ' হতে তাঁর পিঠ উঠাবার সময় ''সামি'আল্লা-হু লিমান হামিদাহ'' এবং দাঁড়ানো অবস্থায় ''রব্বানা- লাকাল হামদ'' বলতেন। তারপর সাজদায় যাবার সময় আবার তাকবীর বলতেন। সিজদা (সিজদা/সেজদা) হতে মাথা উঠাবার সময় তাকবীর বলতেন। পুনরায় দ্বিতীয় সাজদায় যেতে তাকবীর বলতেন, আবার সিজদা থেকে মাথা তোলার সময় তাকবীর বলতেন। সালাত (সালাত/নামায/নামাজ) শেষ হওয়া পর্যন্ত গোটা সালাতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এরূপ করতেন। যখন দু' রাক্'আত আদায় করার পর বসা হতে উঠতেন তাকবীর বলতেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৮৯, মুসলিম ৩৯২, নাসায়ী ১১৫০, আহমাদ ৯৮৫১, ইরওয়া ৩৩১।

ব্যাখ্যা



ব্যাখ্যা: তাকবীরাতে ইন্তিকালী- সালাতের মধ্যে এক অবস্থা থেকে অন্য অবস্থায় যাওয়ার জন্য যে তাকবীর দেয়া হয় তাকে তাকবীরে ইন্তিকালী বা অবস্থা পরিবর্তনের তাকবীর বলে। এসব তাকবীর বলা সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন